



প্রধানমন্ত্রী  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৮ আষাঢ় ১৪১৭  
০২ জুলাই ২০১০

## বাণী


মুক্তধারা ফাউন্ডেশনের উদ্যোগে ২-৫ জুলাই ২০১০ নিউইয়র্কে 'আন্তর্জাতিক বাংলা উৎসব এবং ১৯তম বইমেলা' অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

মুক্তধারা ফাউন্ডেশন দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী বাঙালিদের মধ্যে বাংলা ভাষা ও সাহিত্য চর্চা এবং বাঙালি সংস্কৃতিকে ছড়িয়ে দেওয়ার জন্য যে প্রয়াস ও কর্মসূচি পালন করে যাচ্ছে তা প্রশংসাযোগ্য। বিশেষ করে যুক্তরাষ্ট্রের মূলধারার বিদ্যালয় ও পাবলিক লাইব্রেরিগুলোতে বাংলা বই সরবরাহ করে বাংলা ভাষার লালন ও বিকাশে এই সংগঠনের অবদান অনস্বীকার্য।

আমি আশা করি, 'আন্তর্জাতিক বাংলা উৎসব এবং ১৯তম বইমেলা' বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত বাংলা ভাষাভাষী কবি-সাহিত্যিক-শিল্পী এবং বাংলা ভাষাপ্রেমীদের মধ্যে সেতুবন্ধন গড়ে তুলতে বলিষ্ঠ ভূমিকা পালন করবে এবং একইসঙ্গে বাঙালি সংস্কৃতির আলোয় সকলকে আলোকিত করবে।

আমি এই উৎসবের সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু  
বাংলাদেশ চিরজীবী হোক।

  
শেখ হাসিনা